# মেহেরপুর সদর উপজেলার জানুয়ারি- ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর |
| সভার তারিখ ও সময় | : ২৬/০১/২০২৩ খ্রি. বেলা- ১১.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যদের নাম | : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

গত ১২/১২/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী পর্যালোচনা :

সভায় আলোচনার জন্য ডিসেম্বর- ২০২২ মাসে স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ১৬.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি'র সম্ভাব্য ৪ কিস্তি বরাদ্দ =৪x১৬,৬৯,০০০.০০ =৬৬,৭৬,০০০.০০ + রাজস্ব উদ্বৃত্ত ১,০২,৩৩,৭৩৫.৭২ টাকা সর্বমোট= ১,৬৯,০৯,৭৩৫.৭২ টাকা - ০.৫০% আনুষঙ্গিক ব্যয় ৮৪,৫৪৮.০০ টাকা - ১% উপজেলা জরিপ ও উন্নয়নমূলক কার্য তদারকী ব্যয় =১,৬৯,০৯৭.০০ টাকা =১,৬৬,৫৬,০৯০.৭২ টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ (খ) উপজেলা পরিষদে ন্যস্ত বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃ ইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্প সমূহ ও (গ) ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের আহ্বান করে তাদের উপস্থিতিতে প্রণীত উন্নয়ন প্রকল্পগুলো খাতওয়ারী পরীক্ষা ও বাছাই পূর্বক উপজেলা পরিষদে পেশ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। এব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়।

৫.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় ডিসেম্বর ২০২২ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন।<br>ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ২৫৯৪ জন<br>খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ২১৯৩৭ জন<br>গ) টিকা প্রদান : বিসিজি- ২৮৮, এম আর ১= ৩২৬, ২য় এমআর- ৩৫০, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ০২। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :<br><br>ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪২১ জনকে স্থায়ী ও ৭২১৮ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে।<br>খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

| | |
|---|---|
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় ০১। ২০২২-২০২৩ অর্থবছরে রবি/ ২০২২-২০২৩ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় আবাদ বৃদ্ধির জন্য গম ২০০০ জন, ভূট্টা ৯০০ জন, সরিষা ৮০০০ জন, শীতকালীন পেঁয়াজ ৮০ জন, মসুর ৩০০ জন এবং মুগ ১২০ জন (বোরো ধান উফশী) ২৫০০ জন এবং বোরো ধান হাইব্রিড ৪২৫০ জন বরাদ্দ পাওয়া গেছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। ০২। ২০২২-২০২৩ রবি মৌসুমে বোরো ধানের সমলয়ে চাষাবাদ এর জন্য কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় একটি ৫০ একরের বোরো ধান হাইব্রীড (এসএল৮এইচ) এর ব্লক প্রদর্শনী অত্র উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে প্রদর্শনী স্থাপন করা হয়েছে। ০৩। রবি/২০২২-২০২৩ মৌসুমে ভূট্টা ৯০০০ হেক্টর, সরিষা ২৫৫০ হেক্টর, মসুর ১০০০ হেক্টর, শীতকালীন সবজি ২০০০ হেক্টর, গম ৪২০০ হেক্টর, মিষ্টি আলু ০৬ হেক্টর, গোল আলু ৭০০ হেক্টর, শীতকালীন পেঁয়াজ ৮৫০ হেক্টর এবং রসুন ৩০০ হেক্টর আবাদ হয়েছে। রবি মৌসুমে ভূট্টা, গম ও সরিষার আবাদ লক্ষ্যমাত্রার চেয়ে আবাদ বেশি হয়েছে। ০৪। বাজারে সার, বীজ ও বালাইনাশক মজুদ ও সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক ও পর্যাপ্ত এবং মনিটরিং অব্যাহত আছে। ২৬.০১.২০৩ খ্রি. তারিখ পর্যন্ত ৭৯০ মে. টন ইউরিয়া, ১৬৫ মে. টন টিএসপি, ১৬০ মে.টন এমওপি এবং ১৭৮ মে. টন ডিএপি সার মজুদ রয়েছে। ০৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ধারাবাহিকভাবে প্রতিটি ইউনিয়নে ১০০ টি করে বসতবাড়িতে ১.৫ শতক জমিতে কালিকাপুর মডেল পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী যে সকল গৃহহীনদের গৃহ দিয়েছেন তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন প্রদর্শনী কার্যক্রম চলছে। ০৬। বৈদেশিক মুদ্রা বাঁচানো ও ফসলের নিবিড় উৎপাদন নিশ্চিতকল্পে রাসায়নিক সারের পরিমিত ব্যবহার বিষয়ে ব্যাপক প্রচার করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :**<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ১২৪৬৫ টিকা ও হাঁস-মুরগীর ১০৪০০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৯২৫ টি গবাদি পশু ও ১৬২৬৭ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ৬৪৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়। এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৪৭,৩৩৫/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ১৫ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। এছাড়াও প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় পিজিগঠনতন্ত্র আর্থিক ব্যবস্থাপনা ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বিষয়ক ০১ (এক) দিন ব্যাপী ১৬০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) সকল প্রাথমিক বিদ্যালয়ের সার্বিক গুনগত মান যাচাই করণের মাধ্যমে বিদ্যালয় গ্রেডিং কার্যক্রম চলমান রয়েছে। (০২) ১০৮ টি সরকারি, ১ টি শিশু কল্যাণ ও ১ টি পিটিআই পরীক্ষণ বিদ্যালয়সহ সর্বমোট ১১০ টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নগদ পোর্টালের মাধ্যমে অভিভাবকগণদের মোবাইলে ৩য় ও ৪র্থ কিস্তি (জানুয়ারী/ ২০২২ হতে জুন ২০২২) টাকা প্রদান কার্যক্রম গত ২৪/০১/২০২৩ তারিখ থেকে শুরু হয়েছে এবং কাজ চলমান রয়েছে। (০৩) সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের হাতে ২০২৩ সালের নতুন বই বিতরণ কাজ চলমান রয়েছে। (০৪) সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের হাতে ২০২৪ সালের নতুন বই তুলে দেওয়ার জন্য ২০২৪ সালের বইয়ের চাহিদা প্রদানের কাজ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইড IPEMIS এর লিংকে অনলাইনের মাধ্যমে চাহিদার কাজ শুরু হয়েছে। (০৫) এ উপজেলায় ৪৭ টি জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। প্রত্যেকটি জাতীয়করণকৃত বিদ্যালয়ের জন্য ০১ টি করে সহকারী শিক্ষকের পদ সৃজন করা হয়েছে। উক্ত নতুন সৃজনকৃত জাতীয়করণকৃত ৪৪ টি বিদ্যালয়ে ১ টি করে নতুন শিক্ষক নিয়োগ প্রদান করায় ৪৪ টি জাতীয়করণকৃত বিদ্যালয়ে ৪৪ জন শিক্ষক গত ২৪/০১/২০২৩ তারিখে যোগদান করেছে এবং পুরাতন ৬ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে গত ২৪/০১/২০২৩ তারিখে নতুন ৬ জন শিক্ষক যোগদান করেছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| ০৭। **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) কারিকুলাম ০২ টি ব্যাচের প্রশিক্ষণ শেষ হয়েছে। (০২) অত্র উপজেলায় ইউনিক আইডির কাজ ৫৩.৪৮% সম্পন্ন হয়েছে। এ ক্ষেত্রে পৌরসভা ও ইউনিয়ন পরিষদ থেকে অনলাইনে শিক্ষার্থীদের জন্য নিবন্ধন কার্যক্রম গতিশীল করতে হবে। (০৩) এ মাসে মোট ২০ টি এমপিও পাঠানো হয়েছে। (০৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ০৫/০১/২০২৩ তারিখে নতুন যোগদান করেছেন। (০৫) ২০২৩ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা ৩,৭৭,৩৮০ টি, প্রাপ্ত সংখ্যা ৩,১৫,২০০ টি, প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। (০৬) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ শুন্য আছে। (০৭) এই কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০২ টি পদ খালি আছে। (০৮) পরিদর্শন কার্যক্রম চলমান আছে। (০৯) অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম কিস্তির প্রকল্পের তালিকা পাওয়া গেছে। কাজ বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম চলমান। সেই সাথে অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ০৯। **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ০১। সাংগঠনিক ও ঋণদান কার্যক্রম (মূল ও প্রকল্পসমূহ) : সমিতি / দল গঠন- ক্রম : ৩৭৬, সদস্য ভর্তি- মাসে- ৪৩, বছরে- ২৫৮, ক্রম: ১২৫৯২, শেয়ার আদায়- মাসে ০.২৬, বছরে ২.৬৭, ক্রম : ৩২.১০, সঞ্চয় আদায়- মাসে ৩.৫৯, বছরে ২৯.৮৮, ক্রম: ২০০.৯২, ঋণ বিতরণ- মাসে ৩৭.৮৮, বছরে ৪৪৮.৯৩, ক্রম: ৯০৪৭.৭৩, আদায়যোগ্য ঋণ- মাসে ৮৭.৪১, বছরে ৪৩৯.৭৫, ক্রম: ৮১৩৮.২৮, আদায়যোগ্য হতে ঋণ আদায়- মাসে ৩৪.০৭, বছরে ৩৮৬.৪১, ক্রম: ৮০৮৪.৯৪, আদায়ের হার- মাসে ৩৯%, বছরে ৮৮%, ক্রম: ৯৯%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১০। **উপজেলা সমবায় দপ্তর :**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ১৩৮ টি, (প্রাথমিক সমিতি ১৩৪ টি ও কেন্দ্রিয় সমিতি ০৪ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৬%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১১। **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর জানান যে, চলমান মাসে কিস্তি আদায়যোগ্য- ৪৫৯৯২৫/- টাকা। চলমান মাসে কিস্তি আদায়কৃত- ৪,৪১,৬২৫/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৮৬%। ঋণ খেলাপী আদায়ের হার ৪৭%। যুব সংগঠনের নিবন্ধন করা হয়েছে ০১ টি। চলমান মাসে কোন ঋণ বিতরণ হয়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১২। **উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

| | |
|---|---|
| ১৪। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br><br>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় PEDP-4 প্রকল্প (RCC WASH Block) ০৬ টি প্রকল্পের মধ্যে আরসিসি ওয়াশ ব্লকের কাজ ৮০% ভাগ সম্পন্ন হয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর টিউবওয়েল- ১৮ টি (কমিউনিটি বেজ) তন্মধ্যে ১৪ টি স্থাপন সম্পন্ন হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ন প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন ০৮ টি, তন্মধ্যে ০৭ টি স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। NNGPS প্রকল্পের ১২ টির মধ্যে ১০০% ভাগ সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ১৫। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র:**<br><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর এর নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

৫.০১ **অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :**

| | |
|---|---|
| ০১। **আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :**<br><br>উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০২। **তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) :**<br><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৩। **বিএডিসি (ক্ষুদ্রসেচ) :**<br><br>উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্রসেচ), মেহেরপুর সদরকে কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

৫.০২ **বিবিধ:**

**(ক) গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ প্রসঙ্গে :**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ বিধি অনুযায়ী নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির ১৮/০১/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর সদর উপজেলায় ৫টি ইউনিয়নের শূন্য পদ সমূহে গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিগণকে তাদের নামের পার্শে বর্ণিত ইউনিয়ন ও ওয়ার্ড সমূহে গ্রামপুলিশ (দফাদার/মহল্লাদার) পদে নিয়োগ প্রদান করেছেন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | নাম ও পিতার নাম | ঠিকানা | নিয়োগপ্রাপ্ত ওয়ার্ড নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ নং কুতুবপুর | মোঃ মমিনুল ইসলাম, পিতা: তেজ আলী | গ্রাম: শুভরাজপুর | ০৩ | |
| ০২ | ১ নং কুতুবপুর | মোঃ তারিক আজিজ, পিতা: মোঃ হাফীজুল হক | গ্রাম: কুলবাড়িয়া | ০৬ | |
| ০৩ | ৩ নং আমঝুপি | মোঃ বিল্টু মিয়া, পিতা: মোঃ আজমত আলি | গ্রাম: কোলা | ০৯ | |
| ০৪ | ৩ নং আমঝুপি | মোঃ ইনতাদুল আলী, পিতা: মোঃ ইউনুছ আলী | গ্রাম: রঘুনাথপুর | ০৮ | |
| ০৫ | ৩ নং আমঝুপি | এস এম ফয়সাল, পিতা: মোঃ মজির উদ্দীন | গ্রাম: আমঝুপি | ০৬ | |
| ০৬ | ৩ নং আমঝুপি | মাকসুদুর রহমান, পিতা: মোঃ আনোয়ার হোসেন | গ্রাম: ইসলামনগর | ০৫ | |
| ০৭ | ৩ নং আমঝুপি | মোঃ শরিফুল মালিথা, পিতা: মোঃ মঙ্গল মালিথা | গ্রাম: ময়ামারী | ০২ | |
| ০৮ | ৫ নং পিরোজপুর | প্রসেনজিৎ ঘোষ, পিতা: সুনিল কুমার ঘোষ | গ্রাম: পিরোজপুর | দফাদার | সরাসরি নিয়োগ |
| ০৯ | ৫ নং পিরোজপুর | মোছাঃ আল্পনা খাতুন, পিতা: মোঃ আলোমতি | গ্রাম: কাঁঠালপোতা | ০৬ | |
| ১০ | ৫ নং পিরোজপুর | মোঃ মিনারুল ইসলাম, পিতা: মোঃ মোজাম আলী | গ্রাম: নুরপুর | ০১ | |
| ১১ | ৫ নং পিরোজপুর | মোঃ জয়নাল আবেদিন, পিতা: মৃত: হাসান আলী | গ্রাম: সোনাপুর | ০৭ | |
| ১২ | ৫ নং পিরোজপুর | শ্রী সুজন বাবু, পিতা: শ্রী শরৎ দাস | গ্রাম: বলিয়ারপুর | ০৫ | |
| ১৩ | ৫ নং পিরোজপুর | মোঃ রকিবুল ইসলাম, পিতা: মোঃ আবু বক্কর | গ্রাম: বলিয়ারপুর | ০৯ | |
| ১৪ | ৬ নং শ্যামপুর | মোঃ শান্ত হোসেন, পিতা: মো: কাইম উদ্দীন | গ্রাম: শ্যামপুর | দফাদার | সরাসরি নিয়োগ |
| ১৫ | ৬ নং শ্যামপুর | মোঃ শরিফুল ইসলাম, মোঃ সামাদ | গ্রাম: বেলতলাপাড়া | ০৭ | |
| ১৬ | ৬ নং শ্যামপুর | মোঃ শাহিন আলম, পিতা: মোঃ বাক্কার আলী | গ্রাম: গোপালপুর | ০৩ | |
| ১৭ | ৬ নং শ্যামপুর | মোঃ শুভ মিয়া, মোঃ শুকুর আলী | গ্রাম: বসন্তপুর | ০৪ | |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | নাম ও পিতার নাম | ঠিকানা | নিয়োগপ্রাপ্ত ওয়ার্ড নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৮ | ৬ নং শ্যামপুর | মোঃ সেলিম রেজা, পিতা: মোঃ ফরিদ আলী | গ্রাম: শ্যামপুর | ০৮ | |
| ১৯ | ৬ নং শ্যামপুর | মোঃ মিরাজুল ইসলাম, পিতা: মোঃ আওলাদ হোসেন | গ্রাম: আলমপুর | ০৬ | |
| ২০ | ৬ নং শ্যামপুর | মোঃ নাজির আহমেদ, পিতা: মোঃ সালাউদ্দীন | গ্রাম: শ্যামপুর | ০৯ | |
| ২১ | ৭ নং বারাদি | মোঃ সোহানুর রহমান, পিতা: মো: আরিফ বিল্লাহ | গ্রাম: যুগিন্দা | ০২ | |
| ২২ | ৭ নং বারাদি | মোঃ স্বপন আলী, পিতা: বানাত আলী | গ্রাম: নতুন দরবেশপুর | ০৯ | |
| ২৩ | ৭ নং বারাদি | মোছা: পারুলা খাতুন, পিতা: মো: জমির উদ্দীন | গ্রাম: বর্শিবাড়িয়া | ০৩ | |
| ২৪ | ৭ নং বারাদি | মোঃ জিল্লুর রহমান, পিতা: মো: আজিজুল হক | গ্রাম: নতুন দরবেশপুর | ০৭ | |
| ২৫ | ৭ নং বারাদি | শ্রী মুন্না দাস, পিতা: শ্রী মিলন দাস | গ্রাম: নতুন দরবেশপুর | ০৮ | |
| ২৬ | ৭ নং বারাদি | শ্রী ইন্দ্রজিৎ দাস, পিতা: কাবরান দাস | গ্রাম: কলাইডাঙ্গা | ০৫ | |
| ২৭ | ৭ নং বারাদি | শ্রী প্রসেনজিৎ দাস, পিতা: শ্রী গোপাল দাস | গ্রাম: পাটকেলপোতা | ০৬ | |

সিদ্ধান্ত : উল্লিখিত নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে যোগদান পরবর্তী সকল কাজ বিধি মোতাবেক তদারকি / সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হলো।

(খ) মেহেরপুর সদর উপজেলা পরিষদের মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়ের প্রশাসনিক অনুমোদন :

মেহেরপুর সদর উপজেলা পরিষদের নব নির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবনের ২য় তলায় মিনি সভাকক্ষ এবং উপজেলা পরিষদের নবনির্মিত পৃথক হলরুমে বিভিন্ন প্রশিক্ষণ ও অনুষ্ঠানাদি সুচারুরূপে পালন করার স্বার্থে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত করার নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০২ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়ের বিষয়ে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে ক্রয় সম্পাদন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: উপরোক্ত বিষয়ে মেহেরপুর সদর উপজেলা পরিষদের নব নির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবনের ২য় তলায় মিনি সভাকক্ষ এবং উপজেলা পরিষদের নবনির্মিত পৃথক হলরুমে বিভিন্ন প্রশিক্ষণ ও অনুষ্ঠানাদি সুচারুরূপে পালন করার স্বার্থে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত করার নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০২ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় বাবদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ) হাজার টাকার প্রাক্কলন দুইটি উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কর্তৃক প্রস্তুতকৃত অনুমোদন করা হলো। সেই সাথে বিধি মোতাবেক স্থানীয় সরকার বিভাগের পরবর্তী সদয় প্রশাসনিক পূর্বানুমতি গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়।

(গ) ভ্রমণ বিল সংক্রান্ত :

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর ও মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর- ২০২২ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ১২/১২/২০২২ হতে ২৫/০১/২০২৩ পর্যন্ত ব্যয় বিবরণী:

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানে ডিসেম্বর- ২০২২ মাসের সম্মানী বাবদ প্রদান | ৯৯,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর ডিসেম্বর- ২০২২ মাসের বেতন বাবদ প্রদান | ১৬,৫০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের জীপগাড়ীর মেহেরপুর ঘ-১১-০০১১ এর মবিল ডেন সহ সাসপেনশন বাবদ বিল প্রদান | ৫৪,৯৫০/- |
| ০৪ | উপজেলা পরিষদের জীপগাড়ীর মেহেরপুর ঘ-১১-০০১১ এর নভেম্বর ও ডিসেম্বর ২০২২ মাসের জ্বালানী বাবদ বিল প্রদান | ৭৫,৭৭১/- |
| ০৫ | উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ মাসের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- |
| ০৬ | উপজেলা পরিষদের আনুষঙ্গিক ব্যয় ডিসেম্বর- ২০২২ মাসের | ৫,০০০/- |
| | সর্বমোট ব্যয় = | ২,৮১,২২১ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: ইয়ারুল ইসলাম) ২৬/১/২৩
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

নম্বর : ০৫.৪৪.৫৭৮৭.০০০.০০৬.০১৪.২০১৯-৬০(৩০)

তারিখ : ১২ মাঘ ১৪২৯ / ২৬ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সংসদ সদস্য, ৭৩ মেহেরপুর -১
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা
০৬। জেলাপ্রশাসক, মেহেরপুর
০৭। সহকারী প্রোগ্রামার (আইসিটি শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেহেরপুর সদর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৮। ........................................................................................
........................................................................................

২৬/০১/২৩
(মোঃ ওবায়দুল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর
☏ ০২৪৭৭৭-৯২৪৩৫

পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের নাম/ পদবী | উপস্থিত | অনুপস্থিত | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ওবায়দুল্লাহ<br>উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | unomeherpur@mopa. gov·bd | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (রিটন)<br>মেয়র, মেহেরপুর পৌরসভা। | উপস্থিত | - | meherpur_municipality@yahoo.com | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আবুল হাশেম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর। | উপস্থিত | - | md.abul.hashem.bd.org@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ লতিফুন নেছা লতা<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সেলিম রেজা<br>চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | selimrezaf7@gmail.com | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ শাহ্জামান<br>চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | jamanupchairman@gmail.com | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ বোরহান উদ্দীন আহাম্মেদ<br>চেয়ারম্যান, আমঝুপি ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | zestamj@gmail.com | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আনারুল ইসলাম<br>চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ। | উপস্থিত | - | amdahup26@gmail.com | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস<br>চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | alhajtitu@gmail.com | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ মতিউর রহমান<br>চেয়ারম্যান, শ্যামপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | shyampur123@gmail.com | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ মোমিনুল ইসলাম<br>চেয়ারম্যান, বারাদী ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | asifiqbalmp58@gmail.com | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | meherpursadar@uhfp0.dghs.gov. | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, মেহেরপুর সদর | উপস্থিত | - | uaosadarmeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ue.meherpur.s@lged.gov.bd | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মেহেরপুর সদর। | - | অনুপস্থিত | sharifd1s1975@gmail.com | - |
| ১৬ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদর । | উপস্থিত | - | ueommeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেহেরপুর সদর | উপস্থিত | - | useo.meherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেরপুর সদর | উপস্থিত | - | ufpomeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | usso.meherpursadar@dss.gov.bd | স্বাক্ষরিত |
| ২০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মেহেরপর সদর। | উপস্থিত | - | meherpursufo@gmail.com | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | pio.nahida@yahoo.com | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | brdbmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | biplobku68@yahoo.com | স্বাক্ষরিত |
| ২৪ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর। | উপস্থিত | - | miraj.dphe@gmail.com | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ucomeherpursadar63@gmail.com | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | dwameherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ২৭ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর। | - | অনুপস্থিত | himuhamim7@gmail.com | - |